রামিসা হত্যায় প্রকাশ্যে ফাঁসির দাবি এমপি আমির হামজার



আমির হামজা। ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে আট বছরের শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য ও ইসলামী বক্তা আমির হামজা। ঘটনায় জড়িতদের প্রকাশ্যে মৃত্যুদণ্ড কার্যকরের দাবি জানিয়ে তিনি কোরআনের আলোকে বিচার ব্যবস্থার কথা তুলে ধরেন।

বৃহস্পতিবার রাতে রাজশাহীর সিটি বাইপাস এলাকায় আয়োজিত এক তাফসিরুল কোরআন মাহফিলে বক্তব্য দিতে গিয়ে তিনি বলেন, দেশে প্রচলিত আইনে ধর্ষণের মতো অপরাধ পুরোপুরি বন্ধ করা সম্ভব হচ্ছে না। তার মতে, ধর্ষণের বিচার কোরআনের নির্দেশনা অনুযায়ী কার্যকর করা হলে সমাজে এ ধরনের অপরাধ অনেকটাই কমে আসবে।

বক্তব্যে তিনি আরও বলেন, শুধু সভা-সমাবেশ, মানববন্ধন কিংবা রাজনৈতিক বক্তব্য দিয়ে ধর্ষণ বন্ধ করা যাবে না। শাস্তির ক্ষেত্রে কঠোরতা নিশ্চিত করতে হবে এবং অপরাধীদের বিরুদ্ধে দৃশ্যমান দৃষ্টান্তমূলক ব্যবস্থা নিতে হবে।

প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানিয়ে আমির হামজা বলেন, রামিসাকে নিজের সন্তানের মতো বিবেচনা করে দ্রুত বিচার নিশ্চিত করা উচিত। তিনি দাবি করেন, ধর্ষণ ও শিশু হত্যার মতো নৃশংস ঘটনায় জড়িতদের শুধু কারাদণ্ড বা জরিমানা নয়, প্রকাশ্যে ফাঁসির মতো কঠোর শাস্তির আওতায় আনা প্রয়োজন।

LENS ASIA